অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/2/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল আচরণগত স্বাস্থ্য সঙ্কট স্থিতিশীলকরণ কেন্দ্রের জন্য 100 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

100 মিলিয়ন মার্কিন ডলার দিয়ে পাঁচ বছরে 12টি কেন্দ্র তৈরি হবে

ফ্যাসিলিটিগুলি সঙ্কটে থাকা মানুষকে তাৎক্ষণিক সহায়তা প্রদান করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে আগামী পাঁচ বছরে স্টেটব্যাপী 12টি নতুন নিবিড় সঙ্কট স্থিতিশীলকরণ কেন্দ্র (Intensive Crisis Stabilization Centers) নির্মাণে 100 মিলিয়ন মার্কিন ডলারের বেশি তহবিল উপলভ্য থাকবে, কেন্দ্রগুলি আচরণগত স্বাস্থ্য সঙ্কটে থাকা মানুষকে তাৎক্ষণিক সেবা প্রদান করবে। মেন্টাল হেলথ অফিস (Office of Mental Health, OMH) এবং অ্যাডিকশন সার্ভিসেস ও সাপোর্টস অফিস (Office of Addiction Services and Supports, OASAS) কেন্দ্রগুলির নির্মাণ অর্থায়িত করতে একটি যৌথ প্রস্তাবনার অনুরোধ (Request for Proposals, RFP) ইস্যু করেছে।

"প্রত্যেক নিউ ইয়র্কবাসীর মানসম্পন্ন স্বাস্থ্য সেবার সুযোগ পাওয়ার মর্যাদার অধিকারী, বিশেষ করে একটি জনস্বাস্থ্য সঙ্কটের সময়," **গভর্নর হোকল বলেন।** "এই আচরণগত স্বাস্থ্য কেন্দ্রগুলি সঙ্কটে থাকা মানুষের অবস্থা আরো খারাপ হওয়ার পূর্বে তাদের তাৎক্ষণিক সহায়তা প্রদান করবে। নিউ ইয়র্ক স্বাস্থ্যসেবা ক্ষেত্রে অসমতা দূর করতে এবং যেসকল নিউ ইয়র্কবাসীর প্রয়োজন আছে তাদের সকলের জন্য আচরণগত স্বাস্থ্য পরিষেবা উপলভ্য করা নিশ্চিত করতে সাহায্য করার জন্য জরুরি বিনিয়োগ করার ক্ষেত্রে নিউ ইয়র্ক নেতৃত্ব দিয়ে যাবে।"

OMH কমিশনার ডাঃ অ্যান সালিভান বলেন, "সঙ্কট স্থিতিশীলকরণ কেন্দ্রগুলি জরুরি পরিস্থিতিতে অতি দ্রুত সাড়াদান প্রয়োজন এমন প্রাপ্তবয়স্ক, শিশু এবং পরিবারকে পরিষেবা প্রদান করবে। কেন্দ্রগুলি বছরের প্রতিদিন সারাদিন খোলা থাকবে এবং যখন সবথেকে বেশি এর প্রয়োজন তখন সাহায্য প্রদান করবে। গভর্নর হোকলের নির্দেশনা ও নেতৃত্বের কল্যাণে, আমাদের এইসব প্রমাণিত ও কার্যকর সম্প্রদায়-ভিত্তিক পরিষেবা অর্থায়ন করার সুযোগ হয়েছে।"

OASAS কমিশনার ডাঃ শিনাজো কানিংহ্যাম বলেন, "যারা স্বাভাবিক কর্ম ঘণ্টায় অ্যালকোহল বা মাদক ব্যবহার রোগের চিকিৎসা নিতে পারে না, তাদের আসক্তি সমাধানে সঙ্কট স্থিতিশীলকরণ কেন্দ্রগুলি 24/7 খোলা থাকবে। গত কয়েক বছরে বেশ কয়েকটি এধরনের সাইট

সমর্থন করার পর, OASAS অবশেষে পুরো নিউ ইয়র্ক স্টেটে এই মডেল স্থাপনের প্রচারণা করতে পেরে গর্বিত।এখন, আরো বেশি সম্প্রদায়ের মানুষের কাছে এইসব অতি জরুরি সেবা পাওয়ার সুযোগ থাকবে যা তাদের স্বাস্থ্য উন্নত করতে সাহায্য করার জন্য অতি জরুরি।"

RFP-র মাধ্যমে স্টেট প্রদত্ত চুক্তি পাঁচ বছর ধরে 12টি সঙ্কট স্থিতিশীলকরণ কেন্দ্রের জন্য 100 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করবে, যার মধ্যে থাকবে স্টার্ট-আপ খরচ হিসেবে 20 মিলিয়ন মার্কিন ডলার এবং কর্মকাণ্ড পরিচালনা করার জন্য 80 মিলিয়ন মার্কিন ডলার তহবিল।

সকল সঙ্কট সেবা প্রদান করা হবে একটি নিরাপদ, স্বাগত, এবং থেরাপিউটিক পরিবেশে। প্রাপ্তবয়স্ক, শিশু, কিশোর, এবং পরিবারসহ সকল ব্যক্তির জন্য কেন্দ্রে আসলেই সেবা পাওয়ার ব্যবস্থা থাকবে। কেন্দ্রগুলি বছরে 365 দিন, 24/7 খোলা থাকবে এবং প্রাপকেরা চব্বিশ ঘটনা পর্যন্ত পরিষেবা পেতে পারবে।

কেন্দ্রগুলি মানসিক স্বাস্থ্য এবং/অথবা মাদক ব্যবহার সঙ্কটে ভুগতে থাকা ব্যক্তিদের সেবা, পর্যবেক্ষণ এবং জরুরি চিকিৎসা প্রদান করবে। সেবাগুলি ঠিক সম্প্রদায়েই প্রদান করা হবে এবং মানুষদের অপ্রয়োজনীয় ইমার্জেন্সি রুমে যাওয়া ঠেকাবে। কেন্দ্রগুলি সমকক্ষ ব্যক্তি এবং পুনরুদ্ধার-কেন্দ্রিক সমর্থন পরিষেবা প্রদান করবে, পাশাপাশি রেফারেল এবং ফলো-আপ পরিষেবা প্রদান করবে যাতে এটি নিশ্চিত করা যায় যে মানুষেরা ডিসচার্জ হওয়ার পরেও প্রয়োজনীয় সমর্থন পেতে পারে।

সঙ্কট স্থিতিশীলকরণ কেন্দ্রগুলি হলো একটি সার্বিক সঙ্কট সাড়াদান ব্যবস্থার অংশ যেখানে রয়েছে মোবাইল সঙ্কট দল (Mobile Crisis Teams), সঙ্কট আবাসিক কর্মসূচি, এবং অন্যান্য সম্প্রদায় পরিষেবা ও সমর্থন।

RFP নিউ ইয়র্ক সিটিতে তিনটি এবং বাকি স্টেটে নয়টি সঙ্কট স্থিতিশীলকরণ কেন্দ্র নির্মাণের জন্য আহ্বান করছে। কেন্দ্রগুলি OMH এবং OASAS দ্বারা যৌথভাবে সনদপ্রাপ্ত হবে এবং এটি নির্মিত হবে যেই সম্প্রদায়ে সেবা প্রদান করা হবে তাদের সহযোগিতায়, যেমন স্থানীয় মানসিক হাইজিন পরিচালক (Local Mental Hygiene Directors), স্কুল, সম্প্রদায় প্রদানকারী, আইন প্রয়োগকারী এজেন্সি এবং অন্যান্য শনাক্তকৃত কর্মসূচি যাতে করে রেফারেল ও ফলোআপের জন্য একটি সার্বিক অব্যাহত সেবা প্রদান করা যায়।

নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন, "নিউ ইয়র্ক সিটির মানসিক স্বাস্থ্য সঙ্কট সমাধান করা হলো একটি দৃঢ় পুনরুদ্ধার গঠনের জন্য অতি গুরুত্বপূর্ণ এবং এর জন্য সরকারের সকল পর্যায়ের একত্রে কাজ করা প্রয়োজন। এইসব আচরণগত সঙ্কট স্থিতিশীলকরণ কেন্দ্র (Behavioral Crisis Stabilization Centers) নিউ ইয়র্কবাসীকে 24/7 সেবাদান করবে এবং তাদের তাৎক্ষণিক সমর্থন ও সংস্থান প্রদান করবে। আমি এই ব্যাপারে গভর্নর হোকলের অংশীদারিত্বের জন্য কৃতজ্ঞ এবং পুরো নিউ ইয়র্কে এইসব প্রমাণিত ও কার্যকরী কর্মসূচি সম্প্রসারণে তার কাজের প্রশংসা করছি।"

সিনেটর সামরা ব্রোক বলেন, "সিনেটের মানসিক স্বাস্থ্য কমিটির (Senate Committee on Mental Health) প্রধান হিসেবে, আমি নিউ ইয়র্ক স্টেটের আরো বেশি সম্প্রদায়ে সঙ্কট স্থিতিশীলকরণ কেন্দ্র বাস্তবায়ন করা সম্প্রসারণে নিরলসভাবে কাজ করেছি, এবং আমি খুশি যে এইসব জরুরি পরিষেবা সম্প্রসারণ করার জন্য একটি প্রস্তাবনার অনুরোধ ইস্যু করা হয়েছে। এই স্থিতিশীলকরণ কেন্দ্রগুলি নিউ ইয়র্ক স্টেটে আমাদের মানসিক স্বাস্থ্য অবকাঠামোর জন্য অতি জরুরি হয়ে উঠবে, এবং আমরা যাতে বলপ্রয়োগ না করে যত্ন ও সহানুভূতি দিয়ে মানসিক স্বাস্থ্য সঙ্কটে সাড়াদান করি তা নিশ্চিত করার জন্য অত্যাবশ্যকীয়।"

সিনেটর পিট হারখাম বলেন, "সঙ্কটে থাকা বাসিন্দাদের দিনে 24 ঘণ্টা প্রমাণ-ভিত্তিক সেবা পাওয়ার অধিকার রয়েছে। স্টেটব্যাপী এক ডজন নতুন সঙ্কট কেন্দ্রের জন্য গভর্নর হোকলের ঘোষিত নতুন তহবিলের ভিত্তি হলো অনেক পরিস্থিতিতে তাৎক্ষণিক সেবা পাওয়ার গুরুত্ব কতটা সে ব্যাপারে তার উপলব্ধি। এটি আমাদের সম্প্রদায়সমূহের জন্য লাভজনক হবে, এবং বাসিন্দাদের অতি জরুরি সেবার সাথে সংযুক্ত করবে ও জীবন রক্ষা করবে।"

অ্যাসেম্বলি সদস্য আইলিন এম. গান্থার বলেন, "মানসিক স্বাস্থ্য সেবা আমাদের সব সম্প্রদায়ের জন্য অতি জরুরি। অ্যাসেম্বলিতে থাকাকালীন আমি নিজের চোখে দেখেছি পর্যাপ্ত সেবা প্রদানের কাঠিন্য কীরূপ। আমি নিউ ইয়র্ক স্টেটে 12টি নতুন সঙ্কট স্থিতিশীলকরণ কেন্দ্রের সংযোজনের জন্য গভর্নর হোকলের প্রশংসা করছি। কেন্দ্রগুলি যেসকল মানুষদের মানসিক স্বাস্থ্য সমস্যা আছে বলে জানা আছে বা সন্দেহ আছে তাদের জন্য। একজন নার্স ও অ্যাসেম্বলিওম্যান হিসেবে, আমি সর্বদা আমার এলাকার মানুষের কল্যাণে লড়াই করেছি, এবং আমি গভর্নর হোকলের সাথে কাজ করতে উন্মুখ।"

নিউ ইয়র্ক সাইকিয়াট্রিক রিহ্যাবিলিটেশন সার্ভিসেস অ্যাসোসিয়েশনের (New York Association of Psychiatric Rehabilitation Services, NYAPRS) প্রধান নির্বাহী কর্মকর্তা হার্ভি রোজেনথাল বলেন, "এইসব উদ্ভাবনী নতুন সঙ্কট স্থিতিশীলকরণ কেন্দ্রের জন্য আজকের প্রতিশ্রুতি ও বিনিয়োগের মাধ্যমে গভর্নর হোকল তীব্র রোগে আক্রান্ত মানুষের সঙ্কটে নিউ ইয়র্কের সাড়াদান অব্যাহত রাখার একটি অত্যাবশ্যকীয় উপাদান সংযোজন করেছেন। কেন্দ্রগুলি একটি স্বেচ্ছাসেবামূলক একই স্থানে সার্বিক জরুরি সেবাদানের ব্যবস্থা তৈরি করবে যেখানে অনেক ধরনের মানসিক স্বাস্থ্য ও আশক্তি পুনরুদ্ধার এবং চিকিৎসাসেবা প্রদান করা হবে, এমন একটি সময়ে যখন এর সবথেকে বেশি প্রয়োজন রয়েছে। নিউ ইয়র্ক সিটি ও নিউ ইয়র্ক স্টেটে আমরা যেই মানসিক স্বাস্থ্য ও সুপরিচিত সঙ্কটের সম্মুখীন হচ্ছি, তা সমাধানে দ্রুত পদক্ষেপ নেওয়ার জন্য গভর্নর হোকলকে অনেক ধন্যবাদ।"

নিউ ইয়র্ক স্টেটের মেন্টাল হেলথ অ্যাসোসিয়েশন, ইনকর্পোরেটেডের (Mental Health Association in New York State, Inc., MHANYS) প্রধান নির্বাহী কর্মকর্তা গ্লেন লিবম্যান বলেন, "আমরা গভর্নর হোকল এবং কমিশনার সালিভান ও কানিংহ্যামকে সঙ্কট স্থিতিশীলকরণ কেন্দ্রের তহবিল প্রদানের ক্ষেত্রে তাদের নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাচ্ছি। স্থিতিশীলকরণ কেন্দ্রগুলি মানসিক স্বাস্থ্য ও আসক্তি সঙ্কটে ভুগতে থাকা মানুষের জন্য 'জরুরি সেবা' হিসেবে কাজ করবে। তারা আইন প্রয়োগকারীদের জড়িত হওয়ার প্রয়োজন এবং ইমার্জেন্সি রুমে যাওয়ার প্রয়োজন প্রশমিত করবে। সঙ্কট স্থিতিশীলকরণ কেন্দ্রগুলির সম্মিলিত ধারণক্ষমতার

সাথে 988 সংস্থান ও মোবাইল সঙ্কট দলের দৃঢ় প্রতিশ্রুতি একত্রিত হয়ে মানসিক স্বাস্থ্য ও আসক্তি সঙ্কট দেখা গেলে ব্যক্তি ও তাদের পরিবারের প্রয়োজন মেটানোর জন্য একটি শক্তিশালী সাড়াদান ব্যবস্থা তৈরি করবে।"

RFPটি OMH ওয়েবসাইটে প্রোকিউরমেন্ট অপর্চুনিটিজের অধীনে https://www.omh.ny.gov/omhweb/rfp/ এবং OASAS ওয়েবসাইটে প্রোকিউরমেন্টের অধীনে https://oasas.ny.gov/procurementউভয় স্থানে পাওয়া যাবে।

সকল আগ্রহী ব্যক্তির জন্য উন্মুক্ত একটি নিলাম কনফারেন্স অনুষ্ঠিত হবে 28 ফেব্রুয়ারি, 2022, সকাল 9:00টা থেকে 10:30 পর্যন্ত।কনফারেন্সের ব্যাপারে আরো তথ্যের জন্য RFP দেখুন।

RFP এর সাড়াদানের সময় 5/19/2022।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন